# ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ ইসলামী আইন ও এর মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

মসজিদ পুনঃনির্মাণের বিধান কী? মসজিদ পুনঃনির্মাণের সওয়াব কি মসজিদ নির্মাণের সওয়াবের সমান?

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

এই প্রশ্নটি শাইখ মুহাম্মদ বিন সালেহ উছাইমীনের কাছে উত্থাপন করা হয়েছিল। উত্তরে তিনি বলেন: মসজিদ পুনঃনির্মাণ তিন প্রকার হতে পারে।

এক: কোন প্রয়োজন না-থাকা সত্ত্বেও সম্পূর্ণ মসজিদ ভেঙ্গে পুনরায় নির্মাণ করা। এই পুনঃনির্মাতা সওয়াব না পেয়ে গুনাহ পাওয়ার সম্ভাবনা বেশী। কারণ কোন প্রয়োজন না-থাকা সত্ত্বেও মসজিদ পুনঃনির্মাণের উদ্দেশ্য সৌন্দর্য বর্ধন ছাড়া আর কিছু নয়। এ ধরনের কাজে খরচ করা মানে- নিরর্থক কাজে সম্পদ নষ্ট করা। এই সম্পদ অন্য একটি মসজিদ নির্মাণে খরচ করা যেত।

দুই: যে মসজিদের সংস্কারের প্রয়োজন আছে; তবে সে প্রয়োজন অনিবার্য (জরুরত) পর্যায়ের নয়। যেমন মসজিদের মূল কাঠামো ঠিক থাকলেও ফ্লোর নষ্ট হয়ে গেছে অথবা টাইলস নষ্ট হয়ে গেছে। যদি কেউ এগুলোর সংস্কার করেন তিনি এর সওয়াব পাবেন। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদ নির্মাণ করা এবং পরিষ্কার-পরিচ্ছন্ন ও সুরভিত রাখার নির্দেশ দিয়েছেন।

তিন: মসজিদের সংস্কার বা পুনঃনির্মাণ যদি অনিবার্য হয়ে পড়ে। যেমন- মাটির তৈরী মসজিদের দেয়াল ভেঙ্গে পড়া। কাঁচা ইটের তৈরী মসজিদের আড়াগুলো ভেঙ্গে পড়া। এ ধরনের সংস্কার করার সওয়াব মসজিদ নির্মাণ করার সওয়াবের সমান। যেহেতু এই সংস্কার করা অনিবার্য।
শাইখ মুহাম্মদ বিন উছাইমীন (রহঃ)

## ফুটনোট

http://islamqa.info/bn/10172

Source — https://www.hadithbd.com/books/link/?id=2344

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন